


কুলপড়ুয়া দুই কিশোর বানিয়েছে মিডিয়া প্রেয়ার

সৃষ্টির আনন্দ যে কতটা বেশি হতে পারে- তা বোঝা যায় যখন শিশুরা পর্যন্ত মেতে ওঠে তৈরিতে। এমনই এক তৈরির ঘটনা দেখিয়েছে মতিঝিল আইডিয়াল কুলের নবম শ্রেণীর দুই ছাত্র তাদের মিডিয়া প্রেয়ার তৈরীর মাধ্যমে। শ্রেফ শখের বশে পল্লব মাহমুদ ও তার বন্ধু জুবায়ের কেওলিন তৈরি করেছে এই ফুদে মিডিয়া প্রেয়ার। তাদের ভাষায়, তারা এই মিডিয়া প্রেয়ার টাইনি মনস্টারটি তৈরি করেছে শ্রেফ শখের বশে। ভিজুয়াল বেসিক দিয়ে তৈরি করা ফুদে এই প্রোগ্রামটির ইন্টারফেসও বেশ ফুদে। তবে সফটওয়্যারটি তৈরীতে এটিকে আকর্ষণীয় করার জন্য মুদ্রানার পরিচয় দিয়েছে এই ফুদে প্রোগ্রামারদ্বয়। শুধু মিডিয়া প্রেয়ার নয় সাথে জিন মেকয়ও দিয়েছে তারা। ফুদে প্রতিভা আমাদের দেশে যেমন কম নেই তেমনি এই সংখ্যা প্রচুরও নয়। তাই ফুদে প্রোগ্রামারদের এই কৃতিত্ব আমাদের আশান্বিত করে। শুধু গেম খেলে ছবি একে তারা তাদের কম্পিউটার ব্যবহার না করে অগ্রসর হয়েছেন প্রোগ্রামিংয়ের প্রতি। আর তাদের এই অগ্রহ তাদের নিয়ে গেছে একটি পূর্ণাঙ্গ সফটওয়্যার ডেভেলপমেন্টের নিকে। আমাদের দেশের সব ফুদেরা যদি



দুই কিশোর প্রোগ্রামার : পল্লব ও জুবায়ের

-ছবি : জাহাঙ্গীর আলম জুয়েল

এইভাবে এগিয়ে আসে সার্বকভাবে কম্পিউটার ব্যবহারের প্রতি- তবে হয়ত আমরা আশা

প্রযুক্তি

প্রোগ্রামিং

করতে পারি আমাদের পরবর্তী প্রজন্ম আমাদের উপহার দিবে সুন্দর ভবিষ্যৎ। উদাহরণ তো সামনেই রয়েছে পল্লব ও জুবায়ের। কোন প্রতিভাশালী বিশ্ববিদ্যালয় কিংবা ট্রেনিং ইন্সটিটিউট নয়, শ্রেফ বই পড়ে ও ইন্টারনেট

ঘেঁটে তারা শিখেছে প্রোগ্রামিং। গেম খেলে ইন্টারনেট চ্যাট করে তারা তাদের সুয়য় ও প্রতিভা নষ্ট করেনি। দেখে এটাই বোঝা যায় ইচ্ছা থাকলেও সঠিক দিক নির্দেশনা পেলে আমাদের উন্নয়ন কোথায় যেতে পারে। তাই আমাদের বড়দের উচিত এদেরকে সঠিক দিক নির্দেশনা দেবার। সময়টা বোধহয় এসে গেছে। সফটওয়্যারটি পেতে চাইলে <http://tinymoneter.topcities.com>-এ যেতে পারেন। □ ভগ্নপ্রযুক্তি ডেস্ক